

# দেশভাগ

ইতিহাস ও অভিব্যক্তি



সম্পাদনা

অরীন্দ্রজিৎ ব্যানার্জী  
ড. কৈলাশপতি সাহা

Deshvag : Itihas o abhivbecti  
Edited by Arindrajit Banerjee and Dr. Kailashpati Saha  
Published by Joyjit Mukherjee, Sopan, 206 Bidhan Sarani, Kolkata-6  
(033) 2257-3738 / 9433343616 / 9836321521  
E-Mail : sopan1120@yahoo.com/publisopan@gmail.com  
Website : www.sopanbooks.in

প্রথম প্রকাশ  
জানুয়ারী, ২০২১

© অরীন্দ্রজিৎ ব্যানার্জী  
সর্বস্বত্ব সংরক্ষিত

প্রকাশক এবং স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনও অংশেরই কোনওরূপ পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না, কোনও যান্ত্রিক উপায়ের (গ্রাফিক, ইলেকট্রনিক বা অন্য কোনও মাধ্যম, যেমন ফোটোকপি, টেপ বা পুনরুদ্ধারের সুযোগ সংবলিত তথ্য-সঞ্চয় করে রাখার কোনও পদ্ধতি) মাধ্যমে প্রতিলিপি করা যাবে না বা কোনও ডিস্ক, টেপ, পারফোরেটেড মিডিয়া বা কোনও তথ্য সংরক্ষণের যান্ত্রিক পদ্ধতিতে পুনরুৎপাদন করা যাবে না। এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা যাবে।

প্রকাশক  
জয়জিৎ মুখার্জী  
সোপান  
২০৬ বিধান সরণি, কলকাতা-৬  
(০৩৩) ২২৫৭-৩৭৩৮ / ৯৪৩৩৩৪৩৬১৬ / ৯৮৩৬৩২১৫২১  
ইমেল : sopan1120@yahoo.com/publisopan@gmail.com  
Website : www.sopanbooks.in

মুদ্রক  
রবীন্দ্র প্রেস  
১১এ, জগদীশনাথ রায় লেন  
কলকাতা-৭০০০০৬

মূল্য : ৭৪৯ টাকা

ISBN : 978-93-90717-18-7

## সূচীপত্র

১. দেশভাগের সিনেমা: স্বাধীনতার অন্য আর এক ফলশ্রুতি/সুশীল সাহা □ ১৩
২. হাসান আজিজুল হকের 'আগুনপাখি': দেশভাগের প্রতিবাদ/তপন বাগচী □ ১৭
৩. তানভীর মোকাম্মেলের বিষাদ নদী: দেশভাগের এক বিষন্ন প্রবাহ/ বিভূতিভূষণ মণ্ডল □ ২২
৪. জ্যোতির্ময়ী দেবীর 'এপার গঙ্গা ওপার গঙ্গা': ছিন্ন দেশ-নারীর অন্তরকথা/ সোনালি মুখার্জি □ ৪৪
৫. বাংলাদেশের উপন্যাসে দেশভাগ/মিল্টন বিশ্বাস □ ৫৯
৬. শ্যামল গঙ্গোপাধ্যায়ের 'আলো নেই', স্বাধীনতা উত্তর ত্রাণ্তিকালের এক মর্মস্পন্দ আলোখ্য/রামশঙ্কর প্রধান □ ৬৭
৭. দেশভাগ ও বাংলা উপন্যাস/কৈলাশপতি সাহা □ ৭৭
৮. রামচন্দ্র গুহ'র 'গান্ধী উত্তর ভারতবর্ষ': ভাগাভাগির এক মর্মস্পর্শী দলিল/ অরীন্দ্রজিৎ ব্যানার্জী □ ৮৭
৯. দেশভাগ, Diaspora literature ও বাংলা শিল্পকলা / সুদীপ্ত তরফদার (ভট্টাচার্য) □ ৯৪
১০. বাংলা গান : প্রসঙ্গ দেশভাগ/মধুমিতা সরকার □ ১১০
১১. দেশভাগ দেশত্যাগ : সাম্প্রতিক বাংলা সাহিত্যে নীরবতা/শ্যামসুন্দর প্রধান □ ১১৮
১২. দেশভাগ বিপর্যস্ত জীবন : দাঙ্গার দাগ এবং অঙ্গপালি গল্পের আলোকে/ রীতা রাণী দে □ ১২৮
১৩. জ্যোতিরিন্দ্র নন্দীর কলমে দেশভাগ : 'নিশ্চিতপুরের মানুষ'/রানু বিশ্বাস □ ১৩৬
১৪. দেবীমহিমা : অস্তিত্ব রক্ষার প্রতিকূলতা ও উত্তরণের কথারূপ/সম্প্রিয়া চ্যাটার্জী □ ১৪৩
১৫. আখতারুজ্জামান ইলিয়াসের খোয়াবনামা উপন্যাসে দেশভাগের প্রতিফলন : সাহিত্য ও সমাজ/উজ্জ্বলা পাইক মণ্ডল। □ ১৫৯
১৬. ইতিহাসের প্রেক্ষাপটে ভারত বিভাজন বা দেশভাগ/প্রভঞ্জন মণ্ডল □ ১৬৯
১৭. খণ্ডিত দেশের বেদনার্ত উপলব্ধির নায়ক 'নতুন ইহুদী'/দীপঙ্কর ঘোষ □ ১৭৪
১৮. 'এপার গঙ্গা ওপার গঙ্গা': দেশভাগের নিরপেক্ষ প্রতিবেদন/ পাঞ্চলী মুখার্জী □ ১৮৪
১৯. সতীনাথ ভাদুড়ীর 'গণনায়ক'/পার্থসারথী চ্যাটার্জী □ ১৯২
২০. আসামের নির্বাচিত বাংলা ছোটগল্প/অনিন্দিতা দেব □ ২০২
২১. পিতামহী : এক একমুখী অভিপ্রাণের বৃত্তান্ত/কৌশিক কর্মকার □ ২১৩
২২. 'বিদিশা' : ছিন্নমূল মানবী জীবনের এক অন্যমাত্রিক আখ্যান/পিয়ালী পাল □ ২২১

## ‘এপার গঙ্গা ওপার গঙ্গা’ দেশভাগের নিরপেক্ষ প্রতিবেদন পাঞ্চালী মুখার্জী

‘এপার গঙ্গা ওপার গঙ্গা’ উপন্যাসের মধ্য দিয়ে জ্যোতিময়ী দেবী ‘স্ত্রীপর্বের ইতিহাস’ লিখতে চেয়েছেন। ১৩৭৩ বঙ্গাব্দের ‘প্রবাসী’ শারদীয়া সংখ্যায় উপন্যাসটি ‘ইতিহাসের স্ত্রীপর্ব’ নামে প্রকাশিত হয়। পরে প্রকাশকের অনুরোধে নাম পরিবর্তন করলেও স্বকীয় বীক্ষাকে স্পষ্ট করেছেন উপন্যাসের ‘উৎসর্গ’ ও ‘আমার কথা’ অংশ দুটিতে। এই গ্রন্থ উপন্যাসিক উৎসর্গ করেছেন — “সকল যুগের সকল দেশের অপমানিতা লাঞ্ছিত নারীদের উদ্দেশে”। উপন্যাসের ‘আমার কথা’ অংশে জ্যোতিময়ীর বক্তব্য অত্যন্ত তাৎপর্যপূর্ণ — “মহাভারতের পর কোনো দেশের কোনো ইতিহাসের পাতায় ‘স্ত্রী-পর্ব’ নামে কোনো পরিচ্ছেদ বা অধ্যায় আছে কিনা আমার জানা নেই। .... মোট কথা হলো আসল স্ত্রী-পর্ব স্বয়ং বেদব্যাসও লিখতে পারেননি। একটিবার মাত্র কয়েকটিশ্লোকে তিনি যেন ছুঁয়ে গেছেন সেই স্ত্রী পর্বের মর্মস্তুদ কাহিনীকে।”

কেন বেদব্যাস সেকথা লেখেননি, তাও তিনি জানান— “মহাকবি হলেও পুরুষ, কাপুরুষের নারীদেহের ওপর সেই অত্যাচারের বর্বর লাঞ্ছনার কাহিনী লিখতে পারেন না। লজ্জা ধিক্বারে তাঁর লেখনী অভিভূত মূলক স্তব্ধ হয়ে যায়। তাই পুরুষ-কবি সেকথা লেখেননি। কাপুরুষ তো ইতিহাস লেখে না! নারী কবি মহাকবি নেই। থাকলেও নিজেদের মান, লজ্জা, মর্যাদা, সম্ভ্রমহানির কথা লিখতে পারতেন না। সে ভাষা আজও পৃথিবীতে সৃষ্টি হয়নি। তাই স্ত্রী-পর্বের কোনো ইতিহাসই কোথাও নেই।”

সেই কারণে জ্যোতিময়ী দেবী সম্পূর্ণ ভিন্ন বীক্ষায় ‘এপার গঙ্গা ওপার গঙ্গা’ উপন্যাসে দেশভাগ দাঙ্গায় ক্ষতিগ্রস্ত নারীজাতির সংকটকে দেখিয়েছেন। উপন্যাসটি নারীর বেদনা অপমানের যথার্থ প্রতিবেদন হয়ে উঠতে পেরেছে।

ইতিহাস থাকে তথ্যনির্ভর জীবনের কথা। কিন্তু উত্তর-ঔপনিবেশিক কালে ইতিহাসের ন্যারেটিভের বদল ঘটেছে। ইতিহাস বলতে শুধু রাজা-রাজড়ার কাহিনী বা বিজয়ীর রাজ্যজয়ের চিত্রের পরিবেশন বোঝায় না। উচ্চশ্রেণির বা অভিজাত শ্রেণির মানুষের কাজকর্ম বা জীবনাচরণই ইতিহাসের বিষয়বস্তু নয়। উত্তর আধুনিক পর্বে গ্র্যান্ড ন্যারেটিভের পাশাপাশি অসংখ্য মাইক্রো-ন্যারেটিভকে নির্মাণ করা হয়েছে। আবার বিশ শতকের আটের